# বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট

জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

সূত্র নং-১৬(০১)/জাতী:বি:/আইবিএলবিএস/২০২৪-২৫/৫০৭ তারিখ : ১০/৭/২০২৪

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এমফিল লিডিং টু পিএইচডি প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট : (www.nu.ac.bd/admissions)**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্কলারশিপ-সহ এমফিল লিডিং টু পিএইচডি প্রোগ্রামে গবেষক ভর্তির জন্য অনলাইন আবেদন আহ্বান করা যাচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন **১৫ই** জুলাই থেকে **১৮ই** আগস্ট ২০২৪ তারিখ রাত **১২**টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০ (এক হাজার) টাকা জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি ২২শে আগস্ট ২০২৪ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বাংলাদেশের সমাজ চাহিদা ও উন্নয়ন, সাংস্কৃতিক ঐতিহ্য, জাতিরাষ্ট্র গঠন প্রক্রিয়া, বঙ্গবন্ধুর দর্শন, মহান মুক্তিযুদ্ধ, রাজনৈতিক, অর্থনৈতিক, স্মার্ট বাংলাদেশ বাস্তবায়ন, শিক্ষা ও সামাজিক চ্যালেঞ্জসমূহের সঙ্গে সংশ্লিষ্ট গবেষণা-কর্মকে অগ্রাধিকার দেয়া হবে।

### ১. আবেদনের যোগ্যতা ও শর্তাবলি

ক) আবেদনকারীকে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫ অথবা সনাতন পদ্ধতিতে দ্বিতীয় বিভাগ বা ৪৫% নম্বর পেতে হবে। স্নাতক (পাস/সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় পৃথকভাবে সনাতন পদ্ধতিতে ৪৫% অথবা জিপিএ ২.২৫ পেতে হবে।

খ) প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষাসহ শিক্ষা জীবনের সকল পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে।

গ) মেধা এবং যোগ্যতার ভিত্তিতে নির্দিষ্টসংখ্যক গবেষক নির্ধারিত হারে ফেলোশিপপ্রাপ্ত হবেন। ফেলোশিপপ্রাপ্ত গবেষকগণের কোর্স চলাকালীন পূর্ণকালীন ছুটিতে থাকতে হবে।

ঘ) আবেদনকারীকে গবেষণার বিষয়বস্তুর ওপর সুনির্দিষ্ট একটি তত্ত্বাবধায়ক কর্তৃক স্বাক্ষরিত গবেষণা প্রস্তাবনা (Research Proposal) এর সারসংক্ষেপ অনলাইন আবেদনে আপলোড করতে হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোনো বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোনো শিক্ষা কার্যক্রমে অধ্যয়নরত প্রার্থী এ প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোনো প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল গণ্য হবে।

চ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোনো তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২. **পিএইচডি প্রোগ্রামে স্থানান্তর :** এমফিল প্রোগ্রামে প্রথমবর্ষে তত্ত্বীয় ও মৌখিক পরীক্ষায় গড়ে ন্যূনপক্ষে ৭০% নম্বর (সিজিপিএ ৩.৫০), এবং গবেষণায় অগ্রগতি সন্তোষজনক এ মর্মে সুপারভাইজারের সুপারিশ থাকলে গবেষক পিএইচডি প্রোগ্রামে স্থানান্তরের জন্য আবেদন করতে পারবেন। যে সকল গবেষক পিএইচডি কোর্সে স্থানান্তরের সুযোগপ্রাপ্ত হবেন তাদেরকে অতিরিক্ত ০৮ ক্রেডিটের **২**টি তত্ত্বীয় কোর্স সম্পন্ন করতে হবে এবং পিএইচডি থিসিস জমা দেয়ার পূর্বে স্বীকৃত জার্নালে **১**টি গবেষণা প্রবন্ধ প্রকাশ করতে হবে।

৩. **প্রোগ্রামের মেয়াদ :** এমফিল লিডিং টু পিএইচডি প্রোগ্রামের মেয়াদ এক বছর (২ সেমিস্টার)-এর কোর্সওয়ার্কসহ ২ (দুই) বছর।

**৪. অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও পে-স্লিপ ডাউনলোড**

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions) Master's/MAS/Ad. MBA/M.Phil/PGD in LIS Tab** থেকে **Apply Now (MPhil Leading to PhD)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য ও জন্ম তারিখ নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়াও আবেদনকারী প্রার্থীদের এসএসসি, এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষার মার্কশীটের সত্যায়িত কপি ও গবেষণা প্রস্তাবনা (**Research Proposal**)-এর সারসংক্ষেপ স্ক্যান করে আপলোড করতে হবে।

খ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120×150 pixels, Image Type: jpg** এবং **maximum file size:50Kb.**

গ) রোল নম্বর ও পিন কোড সম্বলিত আবেদন ফরম ডাউনলোড করতে হবে।

ঘ) কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Applicant Log in সিলেক্ট করে **MPhil Leading to PhD login** অপশনে আবেদন ফরম-এ উল্লিখিত রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। তবে প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার পর প্রার্থী ফরম বাতিল করতে পারবে না। আবেদনকারী এ সুযোগ কেবলমাত্র একবারই পাবে।

ঙ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে (রোল নম্বর ও পিন কোড উল্লেখপূর্বক) **Download Pay Slip** অপশন থেকে পে-স্লিপ **Print** করে নিকটস্থ যেকোনো সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

**৫. পে-স্লিপের মাধ্যমে ফি' জমা দিয়ে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড**

ক) পে-স্লিপ ডাউনলোড করে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে **(gateway)** এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা দিলে প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেয়া হবে। এ পর্যায়ে প্রার্থী তার রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Application Login (MPhil Leading to PhD)** অপশনে থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিবে।

খ) প্রাথমিক আবেদন ফরম ব্যতিত কোনো প্রার্থীকে মেধা তালিকায় স্থান দেয়া হবে না।

**নিম্নের নির্দেশনাটি অনুসরণ করুন**

**ধাপ-১:** অনলাইনে আবেদন করুন

**ধাপ-২:** পে-স্লিপ ডাউনলোড ও প্রিন্ট করুন অথবা অনলাইন গেটওয়ে ব্যবহার করুন

**ধাপ-৩:** পে-স্লিপটি সোনালী ব্যাংকের যেকোনো শাখায় জমা দিন। পে-স্লিপ অথবা অনলাইন গেটওয়ে এর মাধ্যমে ফি পরিশোধের পর আবেদনকারীকে তা **SMS**-এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং **Application Login (MPhil Leading to PhD)** অপশনে থকে আবেদন ফরম ডাইনলোড করে প্রিন্ট নিতে হবে।

৬. প্রাথমিক আবেদন ও চূড়ান্ত ভর্তির সময়সূচি

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ | ১৫-৭-২০২৪ থেকে ১৮-৮-২০২৪ |
| খ) | প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার তারিখ : আবেদনকারী প্রতি ১,০০০/- (এক হাজার) টাকা হারে আবেদন ফি জমা দিতে হবে। **Pay Slip**-এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট এমফিল লিডিং টু পিএইচডি খাতের সঞ্চয়ী হিসাব নম্বর ০২১৮৮০১০০৫৯৫৫ উল্লেখপূর্বক টাকার অংক লেখা থাকবে। | ১৮-৭-২০২৪ থেকে ২০-৮-২০২৪ |
| গ) | প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট কপি সংগ্রহের তারিখ | ১৮-৭-২০২৪ থেকে ২২-৮-২০২৪ |

| | | |
|---|---|---|
| ঘ) | লিখিত পরীক্ষার তারিখ | ৩১শে আগস্ট ২০২৪, শনিবার, সকাল ১০টা |
| ঙ) | স্থান | **পিজিডি ভবন**<br>১০২ ইসলাম টাওয়ার, শুক্রাবাদ, ধানমন্ডি, ঢাকা-১২০৭ |

এই ভর্তি কার্যক্রমের যে-কোনো নিয়মাবলি/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(প্রফেসর ড. মো. মনিরুজ্জামান)
সদস্য, ভর্তি কমিটি (২০২৪-২০২৫)
ও
পরিচালক
বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট
এবং
ডিন (ভারপ্রাপ্ত), কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ
মোবাইল ০১৭৭৭৭৮৯০৪৯
ই-মেইল: mz.shahin1971@gmail.com

সূত্র নং-১৬(০১)/জাতী:বি:/আইবিএলবিএস/২০২৪-২৫/৫০৭ তারিখ : ১০/৭/২০২৪

বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সকল বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৬. পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ ও টেলিভিশন চ্যানেলে স্ক্রল আকারে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৭. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. অফিস কপি।

(বজলুর রশিদ)
সদস্য-সচিব, ভর্তি কমিটি (২০২৪-২০২৫)
ও
উপপরিচালক
মোবাইল ০১৯৪৮৭৭৯০০৩
ই-মেইল: brashid1973@yahoo.com
বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট